



প্রবাসী কল্যাণ ব্যাংক



মুজিবৰ্ষের
সন্মতি

“মুজিবৰ্ষের সেবা নিন

প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ঋণ।”

তারিখঃ ১৭.০৯.২০২০

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন,

৭১/৭২, পুরাতন এলাগিফেন্ট রোড, ইকাটন, ঢাকা-১০০০।

নং-৫৩.১৬.২৬৬৬.৯৯৯.০২.০১৮.২০- ২৪৬৪

ঋণ ও অগ্রিম বিভাগ

বিষয়ঃ “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীদের পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০” আংশিক সংশোধন।

কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীদের পুনর্বাসন ঋণ নীতিমালা, ২০২০” এর আওতায় ঋণ বিতরণ কার্যক্রম সহজতর করার লক্ষ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ব্যাংক উভয়ের আলোচনাক্রমে উক্ত নীতিমালা আংশিক সংশোধন করা হয়েছে। (পৃষ্ঠা নং ০১-০৬)

২.০ নীতিমালায় নিম্নবর্ণিত ধারায় সংশোধন করা হয়ঃ

ক্রম	বিদ্যমান নীতিমালা	ক্রম	সংশোধিত নীতিমালা
৪.ঘ.	আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বইর্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ) এর সত্যায়িত ফটোকপি, বিএমইটি'র স্মার্ট কার্ড/চাকরিরত দেশের আইডি কার্ড এর সত্যায়িত ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমনের প্রমাণপত্র/বিদেশে চাকুরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র এবং ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী মর্মে সংশ্লিষ্ট জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর প্রত্যয়নপত্র প্রমাণক হিসেবে দাখিল করতে হবে;		বাতিল করা হয়েছে।
৪.ঝ.	কোভিড-১৯ এর কারণে ১ মার্চ, ২০২০ তারিখ থেকে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী ঋণের জন্য বিবেচিত হবেন।	৪.ঝ.	১ জানুয়ারী, ২০২০ তারিখ থেকে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী ঋণের জন্য বিবেচিত হবেন।
২১.খ.	আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বইর্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ) এর সত্যায়িত ফটোকপি, বিএমইটি'র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর সত্যায়িত ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমনের প্রমাণপত্র/বিদেশে চাকুরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র।	২১.খ.	আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বইর্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ)/এর ট্রাভেল পারমিটের ফটোকপি।
		২১.গ.	বিএমইটি'র স্মার্ট কার্ড কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর ফটোকপি/ বৈধ পথে বিদেশ গমনের প্রমাণপত্র/বিদেশে চাকুরির চুক্তিপত্র/ বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র।

প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন,

৭১/৭২, পুরাতন এলাইফেন্ট রোড, ইক্ষ্বাচন ঢাকা-১০০০।



প্রবাসী
কল্যাণ

মুক্তিবর্ষের সেবা নিঃ

প্রবাসী কল্যাণ ব্যাংকের সহজ ফর্ম।

২১.গ.	আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;	২১.ঘ.	আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
২১.ঘ.	গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি;	২১.ঙ.	গ্যারান্টরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
২১.ঙ.	হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);	২১.চ.	হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
২১.চ.	প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (এক বছবের আয়-ব্যয় বিবরণী প্রযোজ্য ক্ষেত্রে);	২১.ছ.	প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে);
২১.ছ.	দোকান/গোড়াউন ভাড়ার ক্ষেত্রে Letter of Disclaimer এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে;	২১.জ.	দোকান/গোড়াউন ভাড়ার ক্ষেত্রে Letter of Disclaimer এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
২১.জ	প্রশিক্ষণ/অভিজ্ঞতার সাটিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);	২১.ৰা.	প্রশিক্ষণ/অভিজ্ঞতার সাটিফিকেট এর সত্যায়িত ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে); অথবা প্রশিক্ষণ গ্রহনে সম্মত আছেন মর্মে অঙ্গিকার পত্র;

৩.০ এমতাবস্থায়, “কোডিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন খণ্ড সংশোধিত নীতিমালা, ২০২০” সকল শাখা ব্যবস্থাপকের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল।

সকল শাখা ব্যবস্থাপক
প্রবাসী কল্যাণ ব্যাংক।

১৭.০১.২০২০
(মোঃ জস্মিম উদ্দিন)
উপব্যবস্থাপনা পরিচালক

সংযুক্ত: সংশোধিত নীতিমালা (০৬ ফর্দ)

অনুলিপি:

- ০১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। মহাব্যবস্থাপক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। বিভাগীয় প্রধান (সকল), প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় প্রধান, আইটি বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অফিস কপি।

“মুজিব বর্ষের আস্থান,
দক্ষ হয়ে বিদেশ যান”



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২ ইকাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
দণ্ড ও সংস্থা অধিশাখা
www.probashi.gov.bd

নং-৮৯.০০.০০০০.০৫০.০১৫.৯৯.০৩৪(অংশ-০১).১৮-৪৮৬

তারিখ : ০১ আগস্ট ১৪২৭
১৬ সেপ্টেম্বর ২০২০

বিষয় : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত প্রবাসী কল্যাণ ব্যাংক এর “কোডিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন খণ্ড নীতিমালা, ২০২০” আংশিক সংশোধন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে “কোডিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন খণ্ড নীতিমালা, ২০২০” এর আওতায় খণ্ড বিতরণ কার্যক্রম সহজতর করার লক্ষ্যে প্রবাসী কল্যাণ ব্যাংকের সঙ্গে আলোচনাক্রমে উক্ত নীতিমালাটি আংশিক সংশোধন করা হয়েছে।

০২। এমতাবস্থায়, আংশিক সংশোধিত “কোডিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন খণ্ড নীতিমালা, ২০২০” নির্দেশক্রমে পরবর্তী কার্যার্থে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিৎঃ কোডিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী
পুনর্বাসন খণ্ড নীতিমালা, ২০২০- ০৬ (ছয়) পাতা।

(কাজী আবেদ হোসেন)

উপসচিব

ফোন : ০২-৪১০৩০২৬০

ই-মেইল : dstraining@probashi.gov.bd

ব্যবস্থাপনা পরিচালক
প্রবাসী কল্যাণ ব্যাংক
প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১) চেয়ারম্যান, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ২) মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ বুরো, ৮৯/২ কাকরাইল, ঢাকা।
- ৩) মহাপরিচালক, ওয়েজেজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫) সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) অফিস কাপি।

“কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন খণ্ড নীতিমালা, ২০২০”

ভূমিকাঃ কোভিড-১৯ এর দ্রুত বিস্তার ও সংক্রমণ প্রতিরোধে বিশ্বব্যাপি নজিরবিহীন লকডাউন ও যোগাযোগ স্থৱিরতা বিশ্ব অর্থনীতিতে ব্যাপক নেতৃত্বাচক প্রভাব ফেলছে। প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন খণ্ড নীতিমালা, ২০২০” এর আওতায় ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর তহবিল থেকে প্রদত্ত ২০০ (দুইশত) কোটি টাকা এর মাধ্যমে স্বল্প সুদে খণ্ড বিতরণের লক্ষ্যে প্রাথমিকভাবে তহবিল গঠন করা হয়েছে। যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/ বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে স্বল্প সুদে খণ্ড প্রদান যা “পুনর্বাসন খণ্ড” হিসাবে বিবেচিত হবে।

১. শিরোনামঃ এই নীতিমালা “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মী পুনর্বাসন খণ্ড নীতিমালা, ২০২০” নামে অভিহিত হবে।

২. উদ্দেশ্যঃ বিশ্বব্যাপি কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে ক্ষতিগ্রস্ত অভিবাসী বাংলাদেশি কর্মী/প্রবাসী মৃত কর্মীর পরিবারের ১ (এক) জন উপযুক্ত সদস্যকে পুনর্বাসনের লক্ষ্যে স্বল্প সুদে “পুনর্বাসন খণ্ড” প্রদান।

৩. সংজ্ঞা:- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকলে, এই নীতিমালায় –

- ক. “কোভিড-১৯” অর্থ করোনা ভাইরাস রোগ ২০১৯;
- খ. “ক্ষতিগ্রস্ত” অর্থ “কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত;
- গ. “পরিবার” অর্থ পিতা, মাতা, স্বামী/স্ত্রী ও সন্তান;
- ঘ. “উপযুক্ত” অর্থ পরিবারের ভরণপোষণে সক্ষম ব্যক্তি;
- ঙ. “ব্যাংক” অর্থ প্রবাসী কল্যাণ ব্যাংক;
- চ. “পরিশিষ্ট” অর্থ এই নীতিমালার সাথে সংযোজিত পরিশিষ্ট;
- ছ. “প্রাথমিক জামানত” অর্থ ব্যবসায়িক মালামাল, মেশিনারিজ, সাজসরঞ্জাম যা হাইপোথিকেশনে বীমাকৃত অবস্থায় ব্যাংকের নিকট দায়বদ্ধ;
- জ. “সহজামানত” অর্থ খণ্ডকে অধিকতর নিরাপদ করার লক্ষ্যে জমি ও অবকাঠামো, ব্যাংকে গচ্ছিত আমানত যা ব্যাংকের নিকট বন্ধক/ লিয়েন (গ্রামের বসতবাড়ি ব্যতিত) রাখা হয়।
- ঝ. “জামানত” অর্থ প্রাথমিক জামানত ও সহজামানতের সমষ্টি;
- ঞ. “ইকুইটি” অর্থ ব্যবসায়ে মালিকের অংশ।

৪. খণ্ড প্রাপ্তির যোগ্যতাঃ

- ক. বাংলাদেশের নাগরিক হতে হবে;
- খ. আবেদনকারীকে ব্যাংকের শাখার অধিক্ষেত্র (Command Area/Jurisdiction) এর স্থায়ী বাসিন্দা হতে হবে;
- গ. বয়স ন্যূনতম ১৮ বৎসর হতে হবে;
- ঘ. বিশ্বব্যাপি কোভিড-১৯ এর প্রাদুর্ভাবের কারণে যে সকল বাংলাদেশি অভিবাসী কর্মী ক্ষতিগ্রস্ত হয়ে দেশে ফেরত এসেছেন সে সকল কর্মী/বিদেশে মৃত্যুবরণ করেছেন তাঁর পরিবারের উপযুক্ত ১ (এক) জন সদস্য এ খণ্ড পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে;
- ঙ. অন্য কোন সংস্থা/ ব্যাংক/ আর্থিক প্রতিষ্ঠান অথবা বেসরকারী প্রতিষ্ঠান হতে খণ্ড খেলাপি ব্যক্তি খণ্ড পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবেন না। খণ্ড আবেদনকারীকে নন-জুডিশিয়াল স্টাম্পে এতদ্সংক্রান্ত হলফনামা দাখিল করতে হবে;



চ. উম্মাদ, দেউলিয়া, মানসিক ভারসাম্যহীন ব্যক্তি, রাষ্ট্রদ্বোধী মামলার আসামী খণ্ডের জন্য বিবেচিত হবেন না;

ছ. প্রবাসী কল্যাণ ব্যাংক হতে ইতৎপূর্বে গৃহীত খণ্ড নিয়মিত হতে হবে;

জ. ১ জানুয়ারী, ২০২০ তারিখ থেকে দেশে ফেরত আসা অভিবাসী কর্মী এই খণ্ডের জন্য বিবেচিত হবেন।

৫. খণ্ডের প্রকৃতি:

ক. প্রকল্প খণ্ড খ. চলতি পুঁজি / ক্যাশ ক্রেডিট।

৬. খণ্ডের খাতসমূহঃ দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামূলক যে কোন অর্থনৈতিক কর্মকান্ড খণ্ডের খাত হিসাবে বিবেচিত হবে। নিম্নে খাতসমূহ উল্লেখ করা হলোঃ

ক) কৃষি খাতঃ

I. মৎস্য সম্পদঃ

- মৎস্য চাষ : কার্প জাতীয়-বুই, কাতলা, মৃগেল ইত্যাদি;
- মৎস্য চাষ : ক্যাট ফিস-পাংগাস, বোয়াল, পাবদা, টেংরা, মাগুর, শিং ইত্যাদি;
- মৎস্য চাষ : তেলাপিয়া, ভেটকি, চিতল, কৈ, থাই কৈ, শোল, গজার, পুঁটি ইত্যাদি;
- মৎস্য চাষ : চিংড়ি;
- মৎস্য চাষ: (মিশ্র);
- মাছ চাষ : অন্যান্য।

II. প্রাণী সম্পদঃ

পোল্ট্রি ফার্মঃ

- মুরগী (লেয়ার, ব্রয়লার, কক) খামার;
- হাঁস/রাজহাঁস খামার;
- পোল্ট্রি ফার্ম (অন্যান্য)।

গবাদিপশু মোটাতাজাকরণ / পালন প্রকল্পঃ

গরু/ছাগল/ ভেড়া/ মহিষ মোটাতাজাকরণ/ পালন।

দুৰ্ঘ খামারঃ

গরু/ছাগল/ ভেড়া/ মহিষের দুৰ্ঘ খামার।

III. অন্যান্য কৃষি খাতঃ

দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামূলক যে কোন কৃষি খাত।

খ. অকৃষি খাতঃ

i. কুটির শিল্প/ক্ষুদ্র শিল্প প্রকল্পঃ

- মৎ শিল্প;
- ঝুক-বাটিক প্রিন্টিং;
- গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি;
- তাঁত/ বুনন শিল্প;
- নকশী কাঁথা তৈরি;
- কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি;
- ক্ষুদ্র ও কুটিরশিল্প (অন্যান্য)।



১২. গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ডঃ প্রকল্প এবং ব্যবসার গ্রেস/ মরাটোরিয়াম পিরিয়ড হবে পরিশিষ্ট অনুযায়ী।
১৩. ইকুইটি/ মার্জিনঃ প্রকল্প খণের ক্ষেত্রে সমমূলধন ন্যূনতম ২০% এবং চলমান খণের ক্ষেত্রে মার্জিন ন্যূনতম ৫০%।
১৪. চলতি হিসাবঃ খণ বিতরণের পূর্বে ন্যূনতম ১০০০.০০ (এক হাজার) টাকা জমা করে চলতি হিসাব খুলতে হবে।
১৫. ফরমের মূল্যঃ ২০০/- (দুইশত) টাকা।
১৬. প্রসেসিং ফি ও সার্ভিস চার্জঃ খণ গ্রহীতাকে খণ গ্রহণের সময় ১% প্রসেসিং ফি এবং ২% সার্ভিস চার্জ প্রদান করতে হবে।
১৭. তালিকা বহির্ভুত খাতে অর্থায়নঃ দেশের বিদ্যমান আইন/ সময় সময় সরকার কর্তৃক ঘোষিত নির্দেশনা মোতাবেক নিষিদ্ধ নয় এবং বাণিজ্যিকভাবে লাভজনক উৎপাদনশীল/বাণিজ্যিক/সেবামূলক যে কোন অর্থনৈতিক কর্মকাণ্ডের খাতসমূহ যা তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি তা পর্ষদের অনুমোদনক্রমে অর্থায়ন করা যাবে।
১৮. চার্জ ডকুমেন্টঃ ব্যাংকের খণ নীতিমালা অনুযায়ী গ্রহণ করতে হবে।
১৯. মঙ্গুরি ক্ষমতাঃ ব্যাংকের প্রচলিত খণ মঙ্গুরি ক্ষমতার আওতায় খণ মঙ্গুর করা যাবে।
২০. খণ আদায়ঃ মঙ্গুরিপত্রের শর্ত মোতাবেক খণ গ্রহীতাকে খণের কিস্তি পরিশোধ করতে হবে। যথাসময়ে খণ পরিশোধের ব্যর্থতায় দেশের বিদ্যমান আইন অনুযায়ী ব্যাংক মামলা দায়ের করতে পারবে।
২১. খণ আবেদনের প্রয়োজনীয় কাগজপত্রঃ
- ক. আবেদনকারীর আবেদনসহ পারিবারিক তথ্যসম্বলিত জীবন বৃত্তান্ত (নির্ধারিত ফরমেটে);
 - খ. আবেদনকারীর পাসপোর্ট (পাসপোর্টের বহির্গমন ও আগমন সীলযুক্ত পাতাসহ)/ এর ট্রাভেল পারমিটের ফটোকপি।
 - গ. 'বিএমইটি'র স্মার্ট কার্ড/ চাকরিরত দেশের আইডি কার্ড এর ফটোকপি/বৈধ পথে বিদেশ গমনের প্রমাণপত্র/বিদেশে চাকুরির চুক্তিপত্র/বৈধ পথে রেমিটেন্স প্রেরণের প্রমাণপত্র।
 - ঘ. আবেদনকারীর সদ্য তোলা ০৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
 - ঙ. গ্যারান্টেরের সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয় পত্রের ফটোকপি;
 - চ. হালনাগাদ ট্রেড লাইসেন্সের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে);
 - ছ. প্রকল্পের ঠিকানাসহ বিস্তারিত বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে);
 - জ. দোকান/গোড়াউন ভাড়ার ক্ষেত্রে Letter of Disclaimer এবং নিজস্ব হলে মালিকানার প্রমাণপত্র নিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে);
 - ঝ. প্রশিক্ষণ/অভিজ্ঞতার সার্টিফিকেট এর ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা প্রশিক্ষণ গ্রহণে সম্মত আছেন মর্মে অঙ্গিকার পত্র;
 - ঝঃ. ব্যক্তিগত/প্রকল্পের নামে কোন সংস্থা/এনজিও/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত খণের ঘোষণাপত্র;
 - ট. অন্য কোন কোন সংস্থা/ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে খণ গ্রহণ করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে খণ হিসাব বিবরণীসহ খণ খেলাপী নয় মর্মে খণ গ্রহীতাকে নন-জুডিশিয়াল স্টাম্পে হলফনামা দাখিল করতে হবে;
২২. নীতিমালা কার্যকর ও সংশোধন ক্ষমতাঃ
- এই নীতিমালা জারির তারিখ হতে কার্যকর হবে। এই নীতিমালা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিমার্জন, পরিবর্ধন উভয়পক্ষের সম্মতি সাপেক্ষে সাধিত হবে।

খণ্ডের মেয়াদকাল ও পরিশোধসূচি:

ক্রম	খাত/প্রকল্পসমূহ	মেয়াদ (সর্বোচ্চ)	গ্রেস পিরিয়ড	পরিশোধসূচি (সর্বোচ্চ)	বিতরণের সময়কাল
০১	মৎস্য চাষ (কার্প জাতীয় মাছ)	০২ বছর	২৭০ দিন (০৯ মাস)	১৫ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
০২	মৎস্য চাষ (ক্যাট ফিস)	০২ বছর	২৭০ দিন (০৯ মাস)	১৫ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
০৩	মৎস্য চাষ (তেলাপিয়া, ভেটকি, চিতল, থাই কৈ ইত্যাদি)	০২ বছর	০৩ মাস	প্রতি ৩ মাস অন্তর ৭ টি কিস্তিতে	বছরব্যাপী
০৪	মৎস্য চাষ (চিংড়ি)	০২ বছর	২৭০ দিন (০৯ মাস)	১৫ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
০৫	মৎস্য চাষ (মিশ্র)	০২ বছর	০৬ মাস	১৮ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
০৬	ব্রয়লার/কক মুরগীর খামার	০২ বছর	৪৫ দিন	৪৫ দিন পর ১৫ টি কিস্তিতে	বছরব্যাপী
০৭	লেয়ার মুরগীর খামার	০২ বছর	১৮০ দিন (০৬ মাস)	১৮ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
০৮	পোলিট্রি ফার্ম (হাঁস)	০১ বছর	০৬ মাস	১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
০৯	গবাদি পশু মোটাতাজাকরণ (গরু, মহিষ ইত্যাদি)	০১ বছর	১১ মাস	১১ মাস পর এককালীন	বছরব্যাপী
১০	দুৰ্ঘ খামার	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১১	মৎ শিল্প	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১২	ৱ্লক-বাটিক প্রিন্টিং	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১৩	গ্রামীণ স্যানিটারী সামগ্রী তৈরি	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১৪	তাঁত/বুনন শিল্প	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১৫	নকশী কাঁথা তৈরী	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১৬	কাঠের/স্টীলের আসবাবপত্র তৈরি	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১৭	মুদি/মনোহরী	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১৮	ডিপার্টমেন্টাল স্টোর	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
১৯	কাপড়ের ব্যবসা/তৈরি পোষাক ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২০	প্রাণী খাদ্য/মৎস্য খাদ্য ব্যবসা	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২১	ধান/চাল/অন্যান্য কৃষিপণ্য ব্যবসা	০১ বছর	০১ মাস	১১ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২২	সার/বীজ/কীটনাশক ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২৩	পার্টসের ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২৪	ইলেক্ট্রিক সামগ্রীর ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২৫	ইলেক্ট্রনিক্স সামগ্রীর ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২৬	ওষধ ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২৭	জুতার ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
২৮	ক্রোকারিজ সামগ্রীর ব্যবসা	০২ বছর	০১ মাস	২৩ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী

ক্রম	খাত/প্রকল্পসমূহ	মেয়াদ (সর্বোচ্চ)	গ্রেস পিরিয়ড	পরিশোধসূচি (সর্বোচ্চ)	বিতরণের সময়কাল
২৯	হার্ডওয়্যার ব্যবসা	০২ বছর	০১ মাস	২৩ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
৩০	আসবাবপত্রের ব্যবসা	০২ বছর	০১ মাস	২৩ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
৩১	কম্পিউটার দোকান	০২ বছর	০১ মাস	২৩ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
৩২	লাইট ইঞ্জিনিয়ারিং/গাড়ী মেরামত ওয়ার্কসপ	০২ বছর	০১ মাস	২৩ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
৩৩	সিএনজি, অটোরিক্সা ও অন্যান্য পরিবেশবান্ধব যানবাহন ক্রয়	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
৩৪	কৃষি যন্ত্রপাতি (পাওয়ার ট্রিলার, ধান কাটা ও মাড়াইয়ের যন্ত্র, মাটি কাটার মেশিন ইত্যাদি) ব্যবসা	০৫ বছর	০১ মাস	৫৯ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী
৩৫	বিউটি পার্লার	০২ বছর	০১ মাস	২৩ টি মাসিক কিস্তিতে	বছরব্যাপী


 ১৮/১/২০২২
 কাউন্সিল অবেল ছেসেল
 ট্রান্সটিভ
 স্কল্পুর ব্ল্যান্ড ও প্রেসেন্ট কর্পোরেশন স্কল্পুর
 প্রেসেন্ট স্কল্পুর প্রেসেন্ট কর্পোরেশন